

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৭০]

পর্ব-১২: তাহবীক (রুকু'তে দু' হাত হাটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ১০০: প্রথম তাশাহুদ কিভাবে করবে?

كَيْفَ التَّشَهُدُ الْأَوَّلُ

আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ مَسْعُودٍ، قَالَ: حَدَّثَنَا خَالِدٌ، قَالَ: حَدَّثَنَا هِشَامٌ هُوَ الدَّسْتَوَائِيُّ، عَنْ حَمَّادٍ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ ابْنِ مَسْعُودٍ، قَالَ: كُنَّا نُصَلِّي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَقُولُ السَّلَامُ عَلَى اللَّهِ السَّلَامُ عَلَى جِبْرِيلَ السَّلَامُ عَلَى مِيكَائِيلَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا تَقُولُوا السَّلَامُ عَلَى اللَّهِ فَإِنَّ اللَّهَ هُوَ السَّلَامُ وَلَكِنْ قُولُوا التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ .

تخريج دارالدعوة: انظر حديث رقم: ١١٦٦ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1170 - صحيح

বাংলা

১১৬৯. ইসমাইল ইবনু মাসউদ (রহ.) ইবনু মাস'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ (সা.) -এর সাথে সালাত আদায় করতাম ও বলতাম, “আসসালা-মু আলা- জিবরীলা আসসালা-মু আলা- মীকাঈল”। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, তোমরা “আসসালা-মু আলাল্লাহ-হ” বলো না। কেননা, আল্লাহই সালাম বরং তোমরা বল -

“আতাহিয়াতু লিল্লা-হি ওয়াস সালাওয়া-তু ওয়াতু তুইয়ীবা-তু, আসসালা-মু আলায়কা আইয়ুহান নাবিয়ু, ওয়া রহমাতুল-হি ওয়া বারাকাতুহ। আসসালা-মু আলায়না- ওয়া আলা ইবাদিল্লা-হিস্ সলিহীন, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্লাহ-হু ওয়া আশহাদু আল্লা মুহাম্মাদান আবদুহু ওয়া রসূলুহ” (সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক ইবাদত

আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর আল্লাহর সালাম, রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের ওপর সালাম বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা'বুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তাঁর বান্দা ও রসূল।)।

English

100. What Is Said In The First Tashahhud

It was narrated that Ibn Mas'ud said: We used to pray with the Messenger of Allah (ﷺ) and we would say: Peace (As-Salam) be upon Allah (SWT), peace be upon Jibril, peace be upon Mika'il.' The Messenger of Allah (ﷺ) said: 'Do not say Peace (As-Salam) be upon Allah, for Allah is As-Salam. Rather say: At-tahiyyatu lillahi was-salawatu wat-tayyibat, as-salamu 'alaika ayyuhan-Nabiyyu wa rahmatAllahi wa baraktuhu. As-salamu 'alaina wa 'ala 'ibad illahis-salihin, ashahdu an la illaha ill-Allah wa ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluhu (Allah compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you, O Prophet, and the mercy of Allah (SWT) and his blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah (SWT). I bear witness that none has the right to be worshipped except Allah and I bear witness that Muhammad is His slave and Messenger).

ফুটনোট

সহীহ: বুখারী ৬৩২৮, মুসলিম ৪০২, ইরওয়াউল গালীল ২/৪৩-৪৪। [দ্রঃ ১০৬৫]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=87543>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন